তারিখ 29/11/80
পৃষ্ঠা কলাম



# স্বেচ্ছাশ্রমে খাল খনন কাজ এগিয়ে চলেছে

স্বেচ্ছাশ্রমে খাল খননের কাজ সারাদেশে পুরোদমে এগিয়ে চলেছে। সমাজের সর্বস্তরের মানুষ এই খনন কাজে অংশ নিয়েছে।

নেত্রকোনা থেকে নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন চলতি বছরে নেত্রকোনায় মোট ১ লাখ ৭৩ হাজার ফুট দীর্ঘ ১৩টি খালখনন করা হবে। ইতিমধ্যেই অনেকগুলো খাল কাটার কাজ এগিয়ে চলছে। এই কর্মসূচী সফল হলে সেচের অধীনে আসবে ১৮ হাজার একর জমি।

**জামালপুর**

নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, জামালপুর জেলায় আরো তিনটি খাল খনন স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে শুরু হয়েছে। এর দুটিই হচ্ছে শেরপুরের জনগণের স্বতঃস্ফূর্ত সাড়ায়।

শেরপুর মহকুমার ঝিনাইগাতী এবং শ্রীবর্দি থানার ২টি খাল খননের কাজ এলাকার ছাত্র কৃষক সম্মিলিতভাবে শুরু করেছে। এই খাল দুটি খননের জন্য কর্তৃপক্ষের কোন পরিকল্পনা ছিল না। খাল দুটি খননের ফলে প্রায় ২০ হাজার একর জমি সেচের আওতায় আসবে।

এদিকে সদর মহকুমার শরিফপুর ইউনিয়নের বাগালী স্বনির্ভর গ্রাম থেকে বাশপুর নদ পর্যন্ত সাড়ে সাত হাজার ফুট দীর্ঘ একটি খাল খনন শুরু হয়েছে গত রোববার। এ নিয়ে মোট ১২টি খাল খননের কাজ শুরু হলো।

**পটুয়াখালী**

নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন চলতি মওসুমে পটুয়াখালী জেলায় ৩০টি খাল পুনঃখনন করা হবে। এতে ৬২ হাজার একর জমি সেচের আওতায় আসবে এবং ৯ লাখ মন অতিরিক্ত ফসল পাওয়া যাবে।

এবারে পটুয়াখালীতে ১৩০ মাইল দীর্ঘ খাল পুনঃখনন কর্মসূচীর মধ্যে রয়েছে বরগুনায় ১৩টি এবং পটুয়াখালী সদর মহকুমায় ১৭টি খাল পুনঃখননে এতে প্রায় ১৯ কোটি ঘনফুট মাটি কাটা হবে। এ কাজের শতকরা ১৫ ভাগ কাজের বিনিময়ে খাদ্য এবং অবশিষ্ট ৮৫ ভাগ স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে করা হবে।

**কুমিল্লা**

নিজস্ব সংবাদদাতা কুমিল্লা থেকে জানিয়েছেন, এবার জেলায় ২৭টি খাল কাটা হবে। এতে ৭০ হাজার একর জমি সেচ সুবিধা পাবে।

জানা গেছে প্রত্যেক মহকুমার ৭ হাজার মন করে গম বরাদ্দ করা হয়েছে খাল কাটার জন্যে। এ ব্যাপারে জনসাধারণের মধ্যে বেশ সাড়া পড়ে গেছে।

**গাইবান্ধা**

নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, চলতি পরিকল্পনায় গাইবান্ধা মহকুমার বিভিন্ন এলাকায় স্বেচ্ছাশ্রমের মাধ্যমে মোট ৬টি খাল খনন ও পুনঃখনন করা হবে। এতে মোট ৫৭টি পাওয়ার পাম্প চালু করা সম্ভব হবে। এবং এর সাহায্যে ১৭ হাজার ৯শ একর জমিতে পানি সেচ করা যাবে।

জানা গেছে গাইবান্ধা থানার মালীবাড়ী খাল ও নেকরির বিল, সাদুল্যাপুর থানার ফরিদপুর-ইদলপুর খাল, গোবিন্দগঞ্জ থানার নাকাই খাল, পলাশবাড়ী থানার মহদীপুর খাল, পবনাপুর খাল ও সকোয়া খাল খনন ও পুনঃখনন করা হবে। এসব খালের মোট দৈর্ঘ হবে ৩৩ মাইল।

**ফেনী**

সংবাদদাতা প্রেরিত, খবরে আরও বলা হয়েছে, স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে এ বছর ফেনী মহকুমায় ৮টি খাল খনন করা হবে। এই পরিকল্পনা বাস্তবায়িত হলে ৮ হাজার একর জমি সেচ ব্যবস্থায় ইরিবোরো চাষের আওতায় আসবে।

মহকুমা প্রশাসন সূত্রে জানা গেছে ফেনী থানায় ৪টি, সোনাগাজী থানায় ১টি, ছাগলনাইয়া থানায় ২টি ও পরশুরাম থানায় ১টি খাল খননের পরিকল্পনা রয়েছে। প্রায় ২০ মাইল দীর্ঘ এ খালগুলো থেকে ২ কোটি ১১ লাখ ৫৫ হাজার ঘনফুট মাটি তোলা হবে।

এই প্রকল্পগুলোর কাজ শেষ হলে শুকনো মওসুমে সেচ ব্যবস্থায় কৃষি উৎপাদন বৃদ্ধি ছাড়াও মাছ চাষের ব্যবস্থা থাকবে।





নেত্রকোনা মহকুমার কলমাকান্দার ধোপাপাড়া খালের পুনর্খনন এগিয়ে চলেছে। (নিচে) কুমিল্লার আড়া পিপাগরী খালের পুনর্খনন কাজ শুরু হয়েছে। —দৈনিক বাংলা